# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor : Rev.Dr.Anjan Kumar Singh

Vol. XXIV YEAR OF OUR LORD JESUS CHRIST, APRIL 2022 No. 02


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

**১ যোহন ৪:৭-১৪**

৭। প্রিয় বন্ধুরা, এসো আমরা পরস্পরকে ভালোবাসি, কারণ ভালোবাসা ঈশ্বর থেকে আসে। যে ভালোবাসে, সে ঈশ্বর থেকে জাত এবং ঈশ্বরকে সে জানে।

৮। যে ভালোবাসে না, সে ঈশ্বরকে জানে না, কারণ ঈশ্বরই ভালোবাসা।

৯। এভাবেই ঈশ্বর আমাদের মধ্যে তাঁর ভালোবাসা প্রদর্শন করেছেন: তাঁর এক ও অদ্বিতীয় পুত্রকে তিনি জগতে প্রেরণ করেছেন, যেন আমরা তাঁর মাধ্যমে জীবিত থাকি।

১০। এই হল ভালোবাসা যে , আমরা ঈশ্বরকে ভালোবাসেছি এমন নয়, বরং তিনি আমাদের ভালোবেসেছেন এবং আমাদের পাপের প্রায়শ্চিত্ত বলিরূপে তাঁর পুত্রকে পাঠিয়েছেন।

১১। প্রিয় বন্ধুরা, ঈশ্বর যখন আমাদের এত ভালোবেসেছেন, আমাদেরও উচিত পরস্পরকে ভালোবাসা।

১২। কেউ কখনও ঈশ্বরকে দর্শন করেনি। কিন্তু আমরা যদি পরস্পরকে ভালোবাসি, ঈশ্বর আমাদের মধ্যে বাস করেন এবং আমাদের মধ্যে তাঁর ভালোবাসা পূর্ণতা লাভ করে।

১৩। এতেই আমরা জানি যে, আমরা তাঁর মধ্যে বাস করি এবং তিনি বাস করেন আমাদের মধ্যে, কারণ তিনি তাঁর আত্মাকে আমাদের দিয়েছেন।

১৪। আমরা দেখেছি ও সাক্ষ্য দিচ্ছি যে, পিতা তাঁর পুত্রকে জগতের উদ্ধারকর্তা হওয়ার জন্য প্রেরণ করেছেন।

# যীশুর ক্রুশ

**THE CROSS OF JESUS!**

*Bro. M. Paulraj*

"কারণ যারা ধ্বংস হচ্ছে সেই ক্রুশের বার্তা তাদের কাছে মূর্খতা, কিন্তু আমরা যারা পরিত্রাণ লাভ করেছি, এ হল ঈশ্বরের পরাক্রমস্বরূপ" (১ করিন্থীয় ১:১৮)

*ব্রাদার এম. পলরাজ*

এক সময় ক্রুশ অভিশাপের একটি প্রতীক হিসাবে বিবেচনা করা হতো। কিন্তু যীশু খ্রীষ্টের ক্রুশবিদ্ধতার কারণে এটি আর কখনও অভিশাপের প্রতীক হয় না কিন্তু পরিত্রাণ এবং ভালোবাসার প্রতীক হিসাবে বিবেচিত হয়। আজ, লক্ষ লক্ষ পুরুষ এবং মহিলারা ভালোবাসা এবং আশীর্ব্বাদের চিহ্ন হিসাবে তাদের গলায় ক্রুশ বহন করে। বাইবেলে বলা হয়েছে, **"যে ব্যক্তিকে গাছে টাঙানো হয়েছে, সে অভিশাপগ্রস্ত"** (গালাতীয় ৩:১৩)। কিন্তু যীশু খ্রীষ্ট এটিকে পরিত্রাণের এবং ভালোবাসার চিহ্নে পরিবর্তিত করেছিলেন! যীশু কোনও ভাবে ক্রুশের উপর মৃত্যুবরণ করার বিষয়টি পছন্দ করেননি, কিন্তু ইহুদী এবং রোমীয়রা একজন অপরাধী হিসাবে যীশুর উপর এই দণ্ড চাপিয়ে দিয়েছিল।

## জগৎ কীভাবে বিষয়টিকে দেখে?

ক্রুশের উপর যীশুর মৃত্যুর বিষয়টিকে জগৎ কীভাবে দেখে? বিংশ শতাব্দীর ব্রিটিশ কবি এবং দার্শনিক টি.এস.এলিয়ট বলেছিলেন, "ক্রুশ হচ্ছে শ্রেষ্ঠ বলিদানের প্রতীক। এটি সমগ্র জগতের জন্য একটি প্রতীক। ক্রুশ হচ্ছে জগৎকে সর্ব সময়ের জন্য প্রদত্ত একটি উত্তরাধিকার"। ভারতের মহান দার্শনিক ডঃ.এস.রাধাকৃষ্ণান বলেছিলেন, "ক্রুশ হচ্ছে একটি দুঃখের এবং কষ্টভোগের প্রতীক"; পঞ্চদশ শতাব্দীর কবি এবং দার্শনিক , থমাস এ.কেমপিস, 'ইমিটেশন অফ ক্রাইস্ট' নামক তাঁর বইয়ে বলেছিলেন, "ক্রুশ হচ্ছে পরিত্রাণ, ক্রুশ হচ্ছে জীবন, ক্রুশ হচ্ছে আমাদের শত্রুদের থেকে সুরক্ষা, ক্রুশ স্বর্গের উত্তম বিষয়গুলি আমাদের দেয় এবং ক্রুশ হচ্ছে পবিত্রতার সিদ্ধতা"। পৌলের কথা অনুসারে, পরিত্রাণপ্রাপ্ত ব্যক্তিদের জন্য, "এটি হচ্ছে ঈশ্বরের পরাক্রম"।

অনেক জাগতিক লোকেরা ক্রুশের বার্তাটিকে মূর্খামির দৃষ্টিতে দেখে। কিন্তু আমরা যারা পরিত্রাণ পেয়েছি, তাদের কাছে এটি ঈশ্বরের পরাক্রম। ক্রুশের বিষয়টি ধ্যান করার দ্বারা আমরা অনুপ্রেরণা লাভ করি।

## ক্রুশবিদ্ধতার বিভীষিকা!

যীশু জানতেন যে তাঁকে ক্রুশের উপরে মৃত্যুবরণ করতে হবে, কারণ সেটাই ছিল অপরাধীদের জন্য চরম দণ্ড । নিষ্ঠুর ইহুদী এবং রোমীয়দের দ্বারা যীশু একজন অপরাধী বলে বিবেচিত হয়েছিলেন। ইহুদীদের কাছে তিনি ব্যবস্থার বিরোধী এবং তাদের প্রাচীন প্রথার প্রতি ভীতিজনক মনে হয়েছিল। রোমীয়রা ইহুদীদের অবিরত আধিপত্যের জন্য তাদের শান্ত করতে চেয়েছিল। যীশু ক্রুশবিদ্ধ হওয়ার আগে থেকেই জানতেন যে তাঁর মৃত্যু হবে। তিনি এই বিষয় তাঁর শিষ্যদের বলেছিলেন। কিন্তু তারা তখন এই বিষয়টিকে গম্ভীরভাবে গ্রহণ করেনি। কারণ প্রভুর প্রতি তাদের ভালোবাসা তাদের চোখ এবং মনকে অন্ধ করেছিল।

মৃত্যুর জন্য দোষীসাব্যস্ত একজন মানুষের সঙ্গে পশুর থেকেও জঘন্য ব্যবহার করা হতো। কেউ তাদের

(ক্রমশঃ ৩ পৃষ্ঠায়)

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



## from your dearly beloved brother...

"...যদি তুমি বিশ্বাস করো, তাহলে ঈশ্বরের মহিমা দেখতে পাবে?" ( যোহন ১১:৪০)



### আমাদের মিশনের নীতি

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**CHIEF EDITOR**
Angeline Selvakumari Henry, M.A., M.Ed.

**MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**ADMINISTRATION**
Bro. N. Prakasam, M.A., General Manager

**EDITORIAL BOARD**
Sis. Jesy Veena Sam
Bro. M. Paulraj, M.A., B.Ed.
Sis. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.

**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 95661 31858

**E.mail ID**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**
Echo of His Call


খ্রীষ্টে প্রিয় বন্ধুগণ,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের অতুলনীয় নামে আপনাদের প্রেমপূর্ণ শুভেচ্ছা জানাই।

আপনাদের অবিরত প্রার্থনা এবং সাহায্যের দ্বারা আমাদের সমস্ত পরিচর্যাগুলি, বিশেষ করে আমাদের প্রার্থনা পরিচর্যা, ১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, মণ্ডলীপরিচর্যাগুলি, বাইবেল কলেজগুলি, অনলাইনে হিন্দি বাইবেল কলেজগুলি, ডাকযোগে পাঠক্রমগুলি, সুসমাচার প্রিন্টিং প্রেস, শিশু পরিচর্যা, হাসপাতাল পরিষেবা এবং গ্রামীন উচ্চ বিদ্যালয় খুব ভালোভাবে কাজ করছে। আমরা ঈশ্বরের করুণার জন্য তাঁর প্রশংসা করি।

সাম্প্রতিক সময়ে, আমাদেরকে বিভিন্নভাবে সুসমাচারের কাজে এবং সুসমাচার কর্মীদের বিষয়েও বিরোধীতা এবং বাধার সম্মুখীন হতে হচ্ছে। আমরা যখন নিবিড় ভাবে পর্যবেক্ষণ করি তখন আমরা উপলব্ধি করি যে যারা এই ঝামেলা সৃষ্টি করে তারা বিভিন্ন মণ্ডলীগুলো থেকে অনেক সাহায্য পাচ্ছে এবং তারা ছোট বেলায় খ্রীষ্টিয় শিক্ষা প্রতিষ্ঠানগুলি থেকে অধ্যয়ন করেছে। এমনকী তারা যে সমস্ত খ্রীষ্টিয় স্কুলগুলি থেকে এবং কলেজগুলি থেকে অধ্যয়ন করেছে সেই সমস্ত প্রতিষ্ঠানগুলির নাম করে গর্ববোধ করে। কিন্তু তারা এখন খ্রীষ্টিয় দাতব্য সংস্থাগুলিকে এবং মণ্ডলীগুলিকে ঘৃণা করে।

এই ঘৃণার পশ্চাতের কারণ কী? আমরা যখন এর গভীরে যাই, আমরা বুঝতে পারি যে এর কিছুটা অংশে ঈশ্বরের পরিচারক হিসাবে এবং ঐ দিনগুলির শিক্ষাবিদ হিসাবে আমাদের উপরেও এর দোষ বর্তায় যারা সৎ হওয়ার এবং সকলের প্রতি সহানুভূতি দেখানোর গুরুত্বের বিষয়টি তাদেরকে গভীরভাবে বুঝাতে ব্যর্থ হয়েছে। তারাও প্রকৃত অঙ্গীকারবদ্ধতার সঙ্গে কাজ করেননি!

একটি উদাহরণের দ্বারা আমাকে বিষয়টি ব্যাখ্যা করতে দিন। আমি যে সরকারী বিদ্যালয়ে অধ্যয়ন করেছিলাম, সেখানে মিস্টার থমাস নামের একজন শিক্ষক ছিলেন, যিনি ক্যাথলিক চার্চের সদস্য এবং আরেক জন শিক্ষক ছিলেন, মিস্টার জনসন, যিনি আরেকটি চার্চের সদস্য ছিলেন। তাঁরা তাদের শিক্ষণ পদ্ধতি, আগ্রহ এবং প্রতিভার ক্ষেত্রে উচ্চমান স্থির করেছিলেন। তাঁরা তাদের কাজে, পোষাকে এবং আচরণে উত্তম দৃষ্টান্ত স্থির করেছিলেন। অসংখ্য শিক্ষার্থীরা তাদের গুণগুলি হৃদয়ঙ্গম করেছিল এবং তারা ঈশ্বরের প্রতি প্রকৃত ভয়সহ উত্তম চরিত্রের নাগরিক হয়ে ঐ শিক্ষা প্রতিষ্ঠানগুলি থেকে বেরিয়ে এসেছিল। আমিও তাদের মধ্যে একজন।

অপর দিকে, আমরা অসংখ্য লোককে খ্রীষ্টিয়ান স্কুল এবং কলেজগুলিতে অধ্যয়ন করতে এবং কিছু সাহায্য পাওয়ার জন্য খ্রীষ্টিয়ান চার্চগুলিতে যোগদান করতে দেখি। অনেকে যারা এক সময় খ্রীষ্টিয়ান হাসপাতালগুলি থেকে চিকিৎসা গ্রহণ করে নতুন জীবন লাভ করেছিল তারাও এখন ঈশ্বরের বাক্যের এবং ঈশ্বরের দাসদের এবং ঈশ্বরের বাক্যের বিরোধীতা করে এবং ঘৃণা করে! এর কারণ হচ্ছে খ্রীষ্টিয়ানদের,

**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ¤ BIBLECOR - Postal Courses (3 languages) ¤ Online Courses ¤ Theological Correspondence Courses (2 languages) ¤ Church Planting ¤ Nehemiah Bible Colleges ¤ Gospel Printing Press ¤ Great Commission Partners ¤ St. Paul's Matriculation School ¤ Crusades ¤ Community Development

খ্রীষ্টিয়ান কর্মীদের এবং খ্রীষ্টান শিক্ষাবিদদের বিভিন্ন ত্রুটিবিচ্যুতি। আমাদের উপরেও এর কিছুটা ত্রুটি বর্তায়। আমরা তাদের কাছে খ্রীষ্টের বিষয়টি হৃদয়ঙ্গম করাতে ব্যর্থ হয়েছিলাম।

ভবিষ্যতে, আমাদের খ্রীষ্টানদের অবশ্যই আমাদের জীবনে ঈশ্বরের প্রকৃত আহ্বানকে উপলব্ধি করতে হবে, আমাদের প্রার্থনার জীবনে উত্তম উদাহরণ গড়ে তুলতে হবে, বিবেচনাপূর্ণ কাজ এবং কল্যাণমূলক কার্যকলাপ করতে হবে, যাতে, যারা আমাদের দেখে তারাও যেন একই কাজ করে এবং ঈশ্বরকে ভয় পায়। আমাদের ঈশ্বরের দাসদের, এবং স্কুল/কলেজের শিক্ষক/শিক্ষিকাদের অবশ্যই প্রভু যীশু খ্রীষ্টের জীবনধারাকে আমাদের খ্রীষ্টিয় জীবনের সমস্ত দিকে প্রতিফলিত করার জন্য সামনে এগিয়ে আসতে হবে। কেবল তখনই আমরা সমস্ত যুগে লোকদের প্রকৃত উদ্ধার প্রত্যাশা করতে পারবো।

"...তোমরা সত্যকে জানবে, আর সেই সত্য তোমাদের মুক্ত করবে।"

- যোহন ৮:৩২

আহ্বানের প্রতিধ্বনি পরিবারের লোকেরা এটি তাদের হৃদয়ে গ্রহণ করুক এবং তাদের সমস্ত প্রার্থনায় এই বিষয়টি স্মরণ করুক!

ঈশ্বর আপনাদের আপনাদের আশীর্বাদ করুন।

যীশু খ্রীষ্টে আপনাদের দাস

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেকস স্যামসন স্যাম।**

(+91) 98412 71858 / 98410 71858

E.mail : samselvaraj333@gmail.com

*(ক্রমশঃ ১ম পৃষ্ঠার পর থেকে)*

জন্য চিন্তা করতো না। ক্রুশারোপণের আগে দণ্ডপ্রাপ্ত অপরাধীকে খালি গায়ে নির্দয়ভাবে চামড়ার চাবুক দিয়ে প্রহার করা হতো। চাবুকের ডগায় তিনটি অথবা চারটি শাখায় ভাঙ্গা হাড়ের টুকরো অথবা কাঁটার মতো লোহার টুকরো লাগানো থাকতো। তারা অপরাধীর পিঠে ৩৯ বার বেত্রাঘাত করতো এবং পুনরাবৃত্তিও করতে পারতো। এইভাবে তারা অপরাধীকে প্রায় প্রাণহীন করে দিতো। যীশুকেও তারা একই দণ্ড দিয়েছিল যদিও তিনি নির্দোষ ছিলেন। রোমীয় দেশাধ্যক্ষ ঘোষণা করেছিলেন: "আমি তাঁর কোনও দোষ খুঁজে পাইনি"। কিন্তু ব্যবস্থাবেত্তা এবং কট্টর ইহুদীরা যীশুকে মৃত্যুদণ্ড দেবার জন্য চিৎকার করেছিল। তারা নির্দোষ ব্যক্তির রক্তপাত করেছিল! বহু বছর আগে গীত রচয়িতা ভাববাণী করেছিলেন, "চাষীরা আমার পিঠে লাঙ্গল দিয়েছে এবং তারা লম্বা লাঙ্গলরেখা টেনেছে" (গীত ১২৯:৩)।

## যীশুকে ক্রুশবিদ্ধ করা হয়েছিল

ক্রুশবিদ্ধ করার স্থানটি সাধারণত শহরের বা নগরের বাইরে করা হতো। অপরাধীকে কাঠের ক্রুশটিকে রাস্তাগুলি দিয়ে নির্ধারিত স্থানে বহন করে নিয়ে যেতে হতো। অপরাধের বিষয়টি একটি বোর্ডে লিখে অভিযুক্তের গলায় ঝুলিয়ে দেওয়া হতো যাতে অন্যরা দেখতে পায়। সৈন্যরা এতো নিষ্ঠুর ছিল যে অপরাধীর গোপন অঙ্গে একটি ক্ষুদ্র বস্ত্র দিয়ে ঢেকে সারা শরীর অনাবৃত রাখতো। তাদেরকে দিনের প্রচণ্ড তাপ এবং রাতের প্রচণ্ড ঠাণ্ডা সহ্য করতে হতো। অভিযুক্তের পিঠ একটি চাষের জমিতে পরিণত হতো।

ক্রুশারোপণের স্থানে, অপরাধীকে কাঠের ক্রুশটির উপরে হাত দুটিকে দুদিকে ছড়িয়ে শুয়ে পড়তে হতো এবং পা দুটিকে একটির উপর আরেকটিকে রাখতে বলা হতো। তারপর তাদের হাত এবং পা দুটিকে হয় দড়ি দিয়ে শক্ত করে বাঁধা হতো অথবা পেরেকবিদ্ধ করা হতো। যীশুর হাত এবং পায়ে পেরেকবিদ্ধ করা হয়েছিল! ক্রুশটিকে একটি গর্তের মধ্যে পুঁতে দেওয়া হতো এবং দড়ি দিয়ে সোজা করে দাঁড় করিয়ে দেওয়া হতো। পেরেকবিদ্ধ/বন্ধনযুক্ত ব্যক্তিকে আকাশ এবং মাটির মধ্যে ঝুলিয়ে দেওয়া হতো। যেহেতু শনিবারটি ইহুদীদের কাছে বিশ্রামবার ছিল, সেহেতু তারা ঐ দিনে কোনও মৃতদেহকে ক্রুশের উপর ঝুলিয়ে রাখতো না। যদি অভিযুক্ত শুক্রবারেই মারা যেত তাহলে তার হাত এবং পা দুটোকে ভাঙ্গা হতো না অথবা যদি তখনও তার শরীরে প্রাণ থাকতো, তাহলে সৈন্যরা তার হাত অথবা পা দুটো ভেঙ্গে দিতো, যন্ত্রণা বৃদ্ধির ফলে দ্রুত তাদের মৃত্যু হতো। অনেকে বেশ কয়েক দিন বেঁচে থাকতো, উন্মাদ হয়ে যেতো, প্রচণ্ড চীৎকার করতো, তারপর সম্পূর্ণ বিশৃঙ্খলভাবে প্রাণ ত্যাগ করতো।

এখানে, যীশু শুক্রবারেই ষষ্ঠ ঘটিকায় প্রাণ ত্যাগ করেছিলেন। আন্তজার্তিক সময় অনুসারে তাঁকে নবম ঘটিকায় ক্রুশবিদ্ধ করা হয়েছিল, দুপুর ১২টার সময় তিনি পাপের, অভিশাপের এবং অসুস্থতার পাত্র পান করেছিলেন এবং বেলা ৩ ঘটিকার সময় তিনি প্রাণ ত্যাগ করেছিলেন। সুতরাং তাঁর অঙ্গ প্রত্যঙ্গ ভাঙ্গা হয়নি। একজন সৈন্য সন্দেহবশতঃ বর্শা দিয়ে যীশুর দেহকে বিদ্ধ করেছিল এবং যীশুর মৃত্যুর সত্যতা সম্পর্কে নিশ্চিত হয়েছিল, যেহেতু রক্ত এবং জল তীব্রভাবে নির্গত হয়েছিল!

যীশু ক্রুশের উপর থেকে সাতটি বাণী বলেছিলেন, যেগুলি নিম্নে প্রদত্ত হল:

১। পিতা এদের ক্ষমা করো, কারণ এরা জানে না, এরা কী করছে (লূক ২৩:৩৪)।

২। আমি তোমাকে সত্যিই বলছি, আজই তুমি আমার সঙ্গে পরমদেশে উপস্থিত হবে (লূক ২৩:৪৩)।

৩। যীশু তাঁর মাকে বললেন , হে নারী, ওই দেখ তোমার পুত্র!" তারপর তিনি সেই শিষ্যকে বললেন, "ঐ দেখ, তোমার মাতা!" ( যোহন ১৯: ২৬,২৭)।

৪। "এলি,এলি, লামা, সবক্তানি?" অর্থাৎ ঈশ্বর আমার, ঈশ্বর আমার, কেন তুমি আমায় পরিত্যাগ করেছো? (মথি২৭:৪৬)

৫। এর পর, সমস্ত কিছুই সম্পাদিত হয়েছে জেনে, শাস্ত্র-বচন যেন পূর্ণ হয় সেইজন্য যীশু বললেন, "আমার পিপাসা পেয়েছে।" (যোহন ১৯:২৮)।

৬। পানীয় গ্রহণ করে যীশু বললেন,"সমাপ্ত হল" (যোহন ১৯:৩০)।

৭। যীশু উচ্চকণ্ঠে বলে উঠলেন,"পিতা, তোমার হাতে আমি আমার আত্মা সমর্পণ করি।" একথা বলে তিনি তাঁর শেষনিশ্বাস ত্যাগ করলেন (লূক ২৩:৪৬)।

## যীশু তাঁর জীবন ছুঁড়ে দেননি

যীশু "বলির" একটি নির্দোষ মেষশাবক হিসাবে এই জগতে এসেছিলেন। কারণ একটি বলদের অথবা ছাগলের রক্ত দ্বারা পাপমোচন সম্ভব নয়। সেই কারণে, তিনি যখন এই জগতে এসেছিলেন, তিনি বলেছিলেন:

"তুমি বলিদানে ও নৈবেদ্যে প্রীত নও, কিন্তু আমার জন্য এক শরীর রচনা করেছ।" "হোমবলি বা পাপার্থক বলি তুমি চাওনি।"

"তখন আমি বললাম,'এই আমি, শাস্ত্রে আমার বিষয়ে লেখা আছে- হে আমার ঈশ্বর, আমি তোমার ইচ্ছা পালন করতেই এসেছি ' " (হিব্রীয় ১০:৪-৭)।

সুতরাং, বলিরূপে যীশুর মৃত্যু আগে থেকেই অভিষিক্ত ছিল! বাইবেলে বলা হয়েছে, **"কারণ ঈশ্বর জগৎকে এমন প্রেম করলেন যে, তিনি তাঁর একজাত পুত্রকে দান করলেন, যেন যে কেউ তাঁকে বিশ্বাস করে সে বিনষ্ট না হয় কিন্তু অনন্ত জীবন পায়"** (যোহন৩:১৬)। স্বয়ং যীশু বলেছিলেন, **"মরুপ্রান্তরে মোশি যেমন সেই সাপকে উত্তোলন করেছিলেন, মনুষ্যপুত্রকেও তেমনই উন্নত হতে হবে, যেন যারা তাঁকে বিশ্বস করে তারা প্রত্যেকেই অনন্ত জীবন পায়"** (যোহন ৩:১৪,১৫)।

## যীশুর পুনরুত্থান

যীশু শুক্রবার বিকালবেলায় ক্রুশের উপর মৃত্যুবরণ করেছিলেন। কিন্তু তিনি তিনদিন পর, রবিবারের অতি প্রত্যুষে মৃত্যু থেকে উঠেছিলেন! মৃত্যু তাঁকে ধরে রাখতে পারেনি! তাঁর নিজের কথায়, তিনি বলেছিলেন: **আমিই সেই জীবিত সত্তা। আমার মৃত্যু হয়েছিল, আর দেখো, আমি যুগে যুগে চিরকাল জীবিত আছি! আর মৃত্যু ও পাতালের চাবিগুলি আমারই হাতে আছে"** (প্রকাশিত বাক্য ১:১৮)। যীশুর মৃত্যু এবং পুনরুত্থানের আগে, ধার্মিকদের মধ্যে যারা মারা গেছেন তারা পাতালের অপেক্ষাকৃত উচ্চতর কক্ষে বিশ্রাম করছিল (যিশাইয় ৫৭:২), যখন দুষ্টদের প্রাণগুলি অপেক্ষাকৃত নিম্নকক্ষে অবস্থান করছিল যেখানে অগ্নি, গন্ধক কখনও শেষ হয় না। ধার্মিকেরা মৃত্যুবরণ করে, যদিও তাদের কোনও যন্ত্রণা থাকে না, তথাপি তারা তাদের নিম্নস্তরে শুয়ে থাকা দুষ্ট মৃতদের আর্তনাদ এবং চিৎকারের কাছে প্রকাশিত হয়েছিল। যীশুর আত্মা পাতালে অবতরণ করেছিল, বিশ্রামকারী ধার্মিকদের কাছে তিনি প্রচার করেছিলেন এবং তাদেরকে তিনি তৃতীয় স্বর্গে অর্থাৎ পরমদেশে এনেছিলেন! (২ করিন্থীয় ১২:২-৪,ইফিষীয় ৪:৮,৯;গীত ৬৮:১৮)। যীশু মৃত্যুবরণকারী ধার্মিকদের, (হেবল থেকে বাপ্তিস্মদাতা যোহন পর্যন্ত), মর্যাদা এবং তাদের কাজের জন্য স্বীকৃতি দিয়েছিলেন। আমরা আদমের বিচারের উপর বসে নেই। ঈশ্বর কর্তৃক মনোনীত প্রথম পুরুষ হিসাবে, পতিত আদম সর্বশক্তিমান ঈশ্বরের অনুগ্রহ লাভ করে থাকতে পারেন।

## যীশু আরেক জন সহায়কে পাঠিয়েছিলেন

পুনরুত্থিত যীশু খ্রীষ্ট যিনি স্বর্গে ঈশ্বরের দক্ষিণ পাশে উপবিষ্ট, তিনি পবিত্র আত্মাকে একজন সহায় হিসাবে পাঠিয়েছিলেন যা আমরা প্রেরিত ২:১ পদে দেখতে পাই। এখন, যীশু আর মৃত নন, তিনি পুরোপুরি জীবিত এবং আমাদের মধ্যে বাস করেন! বাইবেলে বলা হয়েছে, সদাপ্রভু ঈশ্বর যিনি তাঁর নিজের পুত্রকে দিয়েছিলেন, তিনি কীভাবে আমাদের সমস্ত কিছু দেবেন না?

**"যিনি তাঁর নিজ পুত্রকেও নিস্কৃতি দেননি, কিন্তু আমাদের সকলের জন্য তাঁকে সমর্পণ করেছেন - তিনি কি তাঁর সঙ্গে সবকিছুই কৃপাপূর্বক আমাদের দান করবেন না?"** (রোমীয় ৮:৩২)।

## পৌলের অভিজ্ঞতা কী?

পৌল ঈশ্বরের লোকদের বিরুদ্ধে বিদ্রোহী ছিলেন। তিনি বিন্যামীন গোষ্ঠীর লোক ছিলেন। তিনি ব্যবস্থা অধ্যয়ন করেছিলেন। তিনি ফরিশী ছিলেন। ব্যবস্থা অনুসারে তিনি অত্যাচার করতে পারেন না। কিন্তু মহাযাজকের কাছ থেকে দম্মেশকে খ্রীষ্টানদের উপর অত্যাচার করার অনুমতি পত্র এবং অস্ত্রসহ তাঁর বন্ধুদের সঙ্গে দম্মেশকে যাওয়ার পথে, হঠাৎ এক আলো তার চারপাশে দ্যুতিমান হয়ে উঠল। তিনি দেখতে পাচ্ছিলেন না। প্রভু যীশু তাঁর সঙ্গে কথা বলেছিলেন। তিনি বলেছিলেন, " শৌল, শৌল, তুমি কেন আমাকে নির্যাতন করছ?" শৌল জিজ্ঞাসা করেছিলেন,"প্রভু, আপনি কে?" তিনি উত্তর দিয়েছিলেন, "আমি যীশু,যাঁকে তুমি নির্যাতন করছ। অঙ্কুশ কে লাথি মারা তোমার জন্য কঠিন।" তিনি অবাক হয়ে গিয়েছিলেন এবং ভয়ে কাঁপতে কাঁপতে বলেছিলেন,"প্রভু, তুমি আমাকে দিয়ে কী করাতে চাও?" আর প্রভু তাঁকে বলেছিলেন, "এখন ওঠো, আর নগরের মধ্যে যাও। তোমাকে অবশ্যই যা করতে হবে, তা তোমাকে জানিয়ে দেওয়া হবে?" (প্রেরিত ৯:৪-৬)। সেখানে যীশুর এক শিষ্য, অননীয় তাঁর সঙ্গে সাক্ষাৎ করেছিলেন এবং তাঁর জন্য প্রার্থনা করেছিলেন। প্রভু এই বিদ্রোহীকে রাজাদের কাছে এবং পরজাতিদের কাছে সুসমাচার প্রচার করার জন্য মনোনীত করেছিলেন। পরে তিনি যীশু খ্রীষ্টের প্রধান শিষ্য হয়েছিলেন এবং সুসমাচার প্রসারের জন্য তিনি এমনকী মৃত্যুবরণ করতেও প্রস্তুত ছিলেন। প্রভু সমস্ত লোকদের তাঁর পরিচর্যা করার জন্য আহ্বান করেছিলেন। তিনি তাঁর শেষ নিশ্বাস অবধি ঈশ্বরের সেবা করেছিলেন!

## ব্যক্তিগতভাবে একজন কী করতে পারে?

**পৌল নিজের অভিজ্ঞতার বর্ণনা দিচ্ছেন,"আমি খ্রীষ্টের সঙ্গে ক্রুশবিদ্ধ হয়েছি; আমি আর জীবিত নেই, কিন্তু খ্রীষ্টই আমার মধ্যে জীবিত আছেন; ..."** (গালাতীয় ২:২০)। সহজভাবে বলা যায়, তিনি

*(ক্রমশঃ, ৬ পাতায়)*


# नहेम्याह बाइबल कॉलेज
## रेसिडेन्शल कॉलेज, चेन्नई।

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE (ECHO GROUP)

माध्यम: हिन्दी

Regd. Candidate for Membership ATA NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI ECHO OF HIS CALL Estd.: 1969

*सदस्यता के लिए पंजीकृत उम्मीदवार* - ATA

सुविख्यात अंतर्राष्ट्रीय मसीही अगुवे तथा पिछले 53 वर्षों से सेवारत वरिष्ठ पासवान

## सर्टिफिकेट इन थियोलॉजी – 1 साल

योग्यता 10 वी या अधिक

जल्दी करें!

**Contact : The Chairman, Nehemiah Bible College.**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

★ ऑनलाइन कक्षाएं उपलब्ध हैं ★

GREAT COMMISSION PARTNERS

ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)



**প্রার্থনার অনুরোধসমূহ (১৯শে এপ্রিল থেকে ১৮ই মে, ২০২২)**

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

**এপ্রিল ১৯ :** ১৭ই এপ্রিল ঈশ্বর আমাদের ঈস্টার রবিবারের উপাসনাকে আশীর্ব্বাদ করেছেন।

**দিন ২০:** ঈশ্বর অনুগ্রহপূর্ণভাবে আমাদের সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে প্রবেশ করতে সাহায্য করেছিলেন।

**দিন ২১:** গত মাসে ঈশ্বর আমাদের আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার সমস্ত কার্যকলাপকে আশীর্ব্বাদ করেছিলেন।

**দিন ২২:** তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারগুলির জন্য ঈশ্বরের প্রশংসা করি।

**দিন ২৩:** ঈশ্বর আমাদের প্রধান মণ্ডলীতে পুরুষদের সভাকে আশীর্ব্বাদ করেছেন।

**দিন ২৪:** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকে আশীর্বাদ করেছেন যা আমাদের প্রিণ্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতে পাঠিয়ে দেওয়া হয়।

**দিন ২৫:** ঈশ্বর আমাদের প্রধান মণ্ডলীকে এবং আমাদের শাখা মণ্ডলীগুলিকে অধিক বিশ্বাসী দিয়ে আশীর্ব্বাদ করেছেন।

**দিন ২৬:** আমাদের **সমর্থকদের তাদের প্রার্থনা এবং সাহায্যের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।**

**দিন ২৭:** আমাদের রাজ্য সমন্বয় সাধনকারীদের জন্য এবং তাদের সহভাগিতার জন্য প্রভুর প্রশংসা হোক।

**দিন ২৮:** আমাদের প্রধান মণ্ডলীতে মহিলা সমিতির সভাকে ঈশ্বর আশীর্ব্বাদ করেছেন।

**দিন ২৯:** হিন্দি অনলাইন থিওলজিকাল কোর্সের উপর প্রভুর আশীর্ব্বাদের জন্য তাঁর প্রশংসা হোক।

**দিন ৩০:** আমাদের **সেণ্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ এবং ডাকযোগে ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রমের** জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**মে ০১:** মিশনকর্মীদের মহান অঙ্গীকারবদ্ধতার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ০২:** আমাদের পাস্টর এস.স্যাম সেলভারাজ এবং তাঁর পবিবারের উপর আশীর্ব্বাদের প্রাচুর্যতার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ০৩:** আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার সমস্ত কর্মীদের করোনা ভাইরাসের হাত থেকে সুরক্ষার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪:** রাশিয়া এবং ইউক্রেনের মধ্যে যুদ্ধের জন্য এবং সারা পৃথিবীতে শান্তির প্রয়োজনের জন্য দয়া করে প্রার্থনা করুন।

**দিন ৫:** ঈশ্বর যেন আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার এই মাসের সমস্ত খরচগুলি জুগিয়ে দেন।

**দিন ৬:** আসুন আমরা সমস্ত খ্রীষ্টিয় সংস্থাগুলির জন্য প্রার্থনা করি।

**দিন ৭:** ঈশ্বর যেন সমস্ত কো-অর্ডিনেটরদের এবং পালকদের নতুন শক্তি দেন।

**দিন ৮:** ঈশ্বর যে আমাদের আহ্বানের প্রতিধ্বনি পরচির্যাগুলিতে আরও অধিক সমর্পিত কর্মীদের নিয়ে আসেন।

**দিন ৯:** মহিলা এবং শিশুদের উপর নিষ্ঠুর অত্যাচার যেন সমূলে উচ্ছিন্ন হয় তার জন্য প্রার্থনা করুন।

**দিন ১০:** পৃথিবী সমস্ত দেশগুলি থেকে করোনা ভাইরাসের উচ্ছেদের জন্য প্রার্থনা করুন।

**দিন ১১:** আমাদের মিশনক্ষেত্রের সমস্ত কর্মীদের জন্য প্রার্থনা করুন।

**দিন ১২:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ১৩:** করোনা জ্বরের জন্য যারা তাদের প্রিয়জনদের হারিয়েছেন, সেই সমস্ত শোকার্ত পরিবারগুলির জন্য প্রার্থনা করুন।

**দিন ১৪:** আমাদের ইংরাজী সহযোগী সম্পাদক এম.পলরাজের এবং আমাদের নহিমিয় বাইবেল কলেজের চেয়ারম্যান পাস্টর এম.মুথুর সম্পূর্ণ আরোগ্যের জন্য প্রার্থনা করুন।

**দিন ১৫:** আমাদের সিনিয়ার পাস্টরের কর্তৃক তাঁর আত্মজীবনী রচনার সাফল্যের জন্য প্রার্থনা করুন।

**দিন১৬:** সারা পৃথিবীতে শান্তির জন্য প্রার্থনা করুন।

**দিন ১৭:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলীগুলির বিশ্বাসী, নেতৃবৃন্দ, এবং প্রার্থনা যোদ্ধাদের জন্য প্রার্থনা করুন।

**দিন ১৮:** ঈশ্বর আমাদের সিনিয়ার পাস্টর এস.স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সদস্যদের সমস্ত রকমের মন্দ শক্তির হাত থেকে অবিরত সুরক্ষিত করুন।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

খ্রীষ্টের সঙ্গে মৃত্যুবরণ করেছেন এবং এখন যিনি তাঁর মধ্যে বাস করছেন, তিনি হচ্ছেন খ্রীষ্ট।

ঈশ্বরের ইচ্ছা হচ্ছে সকলে যেন খ্রীষ্টের পালের মধ্যে আসে, পরিত্রাণের মহত্তম উপহার লাভ করে এবং তাঁর জন্য জীবন যাপন করে এবং ঈশ্বরের রাজ্যে প্রবেশ করে। পৌল প্রত্যেককের কাছে সনির্বন্ধ অনুরোধ করেছেন:

**"অতএব, ভাইবোনেরা, ঈশ্বরের বহুবিধ করুণার পরিপ্রেক্ষিতে, আমি তোমাদের কাছে মিনতি করছি, তোমরা তোমাদের শরীরকে জীবন্ত বলিরূপে, পবিত্র ও ঈশ্বরের গ্রহণযোগ্যরূপে উৎসর্গ করো, তাই হবে তোমাদের যুক্তিসংগত আরাধনা"** (রোমীয় ১২:১)।

তিনি আরও বলেছেন, **"আর তোমরা এই জগতের রীতি অনুযায়ী চলো না, কিন্তু মনের নবীকরণ দ্বারা স্বরূপান্তরিত হও। তখন তোমরা ঈশ্বরের ইচ্ছাকে যাচাই ও অনুমোদন করতে পারবে, যা উৎকৃষ্ট, প্রীতিজনক ও সিদ্ধ"** (রোমীয় ১২:২)। ঈশ্বর তাঁর সঙ্গে বাস করার জন্য প্রত্যেকের কাছে উৎসর্গীকৃত জীবন আশা করেন এবং দ্বিতীয় আগমনের সময়, আমরা যখন ঈশ্বরের তূরীধ্বনির রব শুনবো, তখন আমরা রূপান্তরিত হওয়ার অভিজ্ঞতা লাভ করবো, আকাশে আরোহণ করবো এবং যীশু খ্রীষ্টের পুনরুত্থানের পরাক্রমের দ্বারা পুনরুত্থিত হয়ে মধ্য আকাশে মেঘের মধ্যে প্রভু যীশুর সঙ্গে মিলিত হবো এবং স্বর্গদ্বারে প্রবেশ করবো এবং সর্বশক্তিমান পিতার সঙ্গে মিলিত হবো, যিনি তাঁর সিংহাসনে বসে থাকবেন (গীত ১১:৪)।

## পৃথিবী কোথায় যাচ্ছে?

জাগতিক লোকেরা শয়তানের প্রতারণাপূর্ণ পদ্ধতির মাধ্যমে শয়তানের দ্বারা প্ররোচিত হয় এবং শয়তান তাদেরকে বিভ্রান্তকারী পরম সুখাবেশের মধ্যে টানে এবং জাগতিক আমোদ -প্রমোদের মধ্যে তাদেরকে প্ররোচিত করে, তাদের শান্তি হরণ করে এবং তাদেরকে তার নিজের জগতের মধ্যে পরিচালিত করে। জগৎ এখন তার উপস্থাপনার দ্বারা সমৃদ্ধ হচ্ছে! তারা বুঝতে পারছে না যে তাদের চারিদিকে মৃত্যু ফাঁদের ক্ষতচিহ্ন! তারা ঈশ্বরের বাক্যে বড়ো একটা কর্ণপাত করে না। ক্রুশের শিক্ষাগুলি তাদের কাছে ঘৃণার বিষয়। তারা তাদের নিজের সম্বন্ধে এবং জগতের সম্পর্কে অসংখ্য বিষয় নিয়ে গর্ব করে। তারা তাদের প্রাসাদতুল্য ঘরবাড়ী, নৌকার মতো গাড়ী, তাদের বণ্টনযোগ্য সমৃদ্ধি, ব্যাঙ্কে জমানো টাকা, স্ত্রী এবং সন্তানসন্ততি এবং এই ধরণের বিভিন্ন বিষয় নিয়ে গর্ব করে, কিন্তু খ্রীষ্টের বিষয়ে তারা গর্ব করে না। কোভিড ১৯ অতিমারী, তাদের মধ্যে অনেককেই কোনও সময় না দিয়েই শেষ করে দিয়েছে। লোকেরা অকসিজেন সিলিণ্ডারের অনুসন্ধান করার জন্য ছুটে বেড়িয়েছে। অনেকেই এটা না পেয়ে মারা গিয়েছে। বৃষ্টির কারণে পৃথিবীর অনেক অংশে জীবনযাত্রা সঙ্কটপূর্ণ হয়েছিল। সম্প্রতি ইউরোপীয় বিভিন্ন দেশগুলিতে এবং চীনে এতো ভীষণ বৃষ্টিপাত হয়েছিল যা গত ১০০০ বছরের সমস্ত রেকর্ড ভেঙ্গে দিয়েছে! ভূমিধস, আগ্নেয়গিরির অগ্নুৎপাত, ভূমিকম্প ইত্যাদি প্রাকৃতিক বিপর্যয়ের বিষয়গুলি মানুষের জীবনধারাকে কঠিন করে। তথাপি তারা নিজেদের জীবনকে নম্র করে না এবং তাদের বিষয় সম্পদের গর্ব করা বন্ধ করে না! বাইবেল বলে:

**"সদাপ্রভু এই কথা বলেন: জ্ঞানী ব্যক্তি তার জ্ঞানের জন্য গর্ব না করুক বা শক্তিশালী মানুষ তার শক্তির জন্য গর্ব না করুক বা ধনী ব্যক্তি তার ঐশ্বর্যের জন্য গর্ব না করুক। কিন্তু যে গর্ব করে, সে এই বিষয়ে গর্ব করুক : যে সে আমাকে জানে ও বোঝে, যে আমিই সদাপ্রভু, যিনি পৃথিবীতে তাঁর করুণা, ন্যায়বিচার ও ধার্মিকতা প্রদর্শন করেন,**

**কারণ এসব বিষয়ে আমি প্রীত হই," সদাপ্রভু এই কথা বলেন"** (যিরমিয় ৯:২৩,২৪)।

পৃথিবীতে প্রভু স্বয়ং করুণা, ন্যায়বিচার এবং ধার্মিকতার অনুশীলন করেন। প্রভু পরমেশ্বর। স্বর্গে এবং পৃথিবীতে প্রভু যীশু খ্রীষ্টের থেকে শ্রেষ্ঠ আর কোনও শক্তি নেই যিনি আকাশমণ্ডল এবং পৃথিবীর সৃষ্টিকর্তা। এই কারণেই সাধু পৌল বলেছেন:

**"কিন্তু আমাদের প্রভু যীশু খ্রীষ্টের ক্রুশ ছাড়া আমি আর যে কোনও বিষয়ে গর্ব করি, তা দূরে থাকো, কারণ তাঁরই দ্বারা জগৎ আমার কাছে ও আমি জগতের কাছে ক্রুশার্পিত।"**

(গালাতীয় ৬:১৪)

পৌলের জন্য, পৃথিবীকে প্রশস্ত খোলারূপে ছুঁড়ে ফেলা হয়নি কিন্তু ক্রুশার্পিত করা হয়েছে অথবা সংরক্ষিত করা হয়েছে। বাধানিষেধযুক্ত করা হয়েছে। আর তিনিও জগতের কাছে ক্রুশার্পিত হয়েছেন! জগৎ তাঁকে এর ইচ্ছামতো ব্যবহার করতে পারে না! ঈশ্বরের একজন ব্যক্তি তামিল ভাষায় একটি গান লিখেছিলেন, "মেনমাই পেরাত্তুবান"।

আমি তাঁর নাম উন্নীত করি,
আমি তাঁর নাম উন্নীত করি,
আমি কেবল যীশুর প্রেম মহিমান্বিত করি!
ক্রুশ আমার শৃঙ্গ, ক্রুশ আমার আশ্রয়,
যীশু তোমার প্রশংসা করি।
কালভেরীর যীশুর প্রশংসা করি!


নহিমিয় বাইবেল কলেজ
সান্ধ্যকালীন

চীপক এবং সন্তোষপুরম

ECHO OF HIS CALL 1969-2019 (ECHO GROUP)

মাধ্যম: তামিল

ATA
Regd. Candidate for Membership
NEHEMIAH BIBLE COLLEGE
CHENNAI
★ ECHO OF HIS CALL ★ Estd.: 1969

Registered Candidate for Membership
Asia Theological Association (ATA)

৫৩ বছর যাবৎ আন্তজার্তিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত

ঈশ্‌তত্ত্বে সার্টিফিকেট : এক বছর

শিক্ষগত যোগ্যতা: দশম শ্রেণী এবং তদূর্ধ
ভর্ত্তির জন্য সত্বর যোগাযোগ করুন!

Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, BELLS ROAD, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

আমি ক্রুশার্পিত, আমি ক্রুশার্পিত
ইনি আমি নই, কিন্তু যীশু
আমার মধ্যে আমি তাকে দেখাব!
আমি ক্রুশ বহন করবো, আমি ক্রুশ বহন করবো,
আমি দুঃখভোগ করবো
যীশুর গৌরবের জন্য!

প্রত্যেক খ্রীষ্টানের এই গানটি করা উচিৎ।

আমাদের ঈশ্বর হচ্ছেন ত্রিত্ব ঈশ্বর। তিনি খ্রীষ্টরূপে, অর্থাৎ আশীর্ব্বাদ এবং সুরক্ষার প্রভু হিসাবে নিজেকে প্রকাশ করেন; তিনি ঈশ্বররূপে, কার্যগ্রহণকারী প্রভুরূপে নিজেকে প্রকাশ করেন এবং সদাপ্রভু ঈশ্বররূপে, পরম ঈশ্বররূপে নিজেকে প্রকাশ করেন যিনি সমস্ত কিছু দেন। তাঁর আকেরটি প্রকাশও আছে, অনন্তকালীন ঈশ্বর, অর্থাৎ, তিনি সৃষ্টির আগেও বিদ্যমান, আর এই কারণেই আমাদের ঈশ্বর হচ্ছেন একজন সম্ভ্রমকারী ভয়ের ঈশ্বর!

পৌল ঈশ্বরকে আরও অধিকরূপে জানতে চান। তিনি যীশুকে সাধারণ খ্রীষ্ট হিসাবে জেনেই সন্তুষ্ট হননি। যীশু স্বয়ং বলেছিলেন, **"আর এই হল অনন্ত জীবন যে, তাঁরা তোমাকে, একমাত্র সত্যময় ঈশ্বরকে, এবং তুমি যাঁকে পাঠিয়েছ, সেই যীশু খ্রীষ্টকে জানতে পারে"** (যোহন ১৭:৩)।

খ্রীষ্টের জন্য অনুসন্ধানে, পৌল বলেছেন যে আগে যে বিষয়গুলিকে তিনি লাভজনক বলে বিবেচনা করেছিলেন; অর্থাৎ তাঁর বংশপরিচয়, সমৃদ্ধি, ব্যবস্থা সম্পর্কে তাঁর পাণ্ডিত্য, রোমীয় নাগরিকত্ব, ইত্যাদি বিষয়গুলি, এখন তিনি খ্রীষ্টের জন্য ক্ষতি বলে গণ্য করেছিলেন। খ্রীষ্টের জ্ঞানের শ্রেষ্ঠতার জন্য, তিনি অন্য সমস্ত বিষয়গুলি ক্ষতি বলে গণ্য করেছিলেন। এছাড়াও তিনি তাঁকে এবং তাঁর পুনরুত্থানের শক্তিকে এবং তাঁর মৃত্যুর উদ্দেশে তাঁর মতো হওয়ার জন্য তিনি তাঁর দুঃখভোগের সহভাগিতার বিষয়টিকেও জানতে চেয়েছিলেন (ফিলিপীয় ৩:৭,১০,১১)।

ফাদার বার্কম্যানস গেয়েছিলেন:

হে আমার রাজা, তোমার উপস্থিতি আমার পক্ষে যথেষ্ট, সর্বদা আমার কাছে পর্যাপ্ত,

তোমার উপস্থিতি, তোমার উপস্থিতি

তোমার ঈশ্বরীয় উপস্থিতি!

তবু আমি আরও জানতে চাই,

তবু আমি আরও তোমার কাছে আসতে চাই!

## যীশুর আহ্বান!

**"ওহে, তোমরা যারা পরিশ্রান্ত ও ভারাক্রান্ত, আমার কাছে এসো, আমি তোমাদের বিশ্রাম দেব"** (মথি ১১:২৮)। এই আহ্বানটি কেবল তাঁর নিজের লোক, ইহুদীদের জন্য ছিল না, কিন্তু দেশ, জাতি, এবং ভাষা নির্বিশেষে, সমগ্র পৃথিবীর লোকদের জন্য ছিল। যীশু বলেছিলেন, **"আমি যাদের ভালোবাসি, তাদের আমি তিরস্কার ও শাসন করি। তাই আন্তরিক আগ্রহ দেখাও, মন পরিবর্তন করো। দেখো আমি তোমার কাছেই আছি, এই আমি দুয়ারে দাঁড়িয়ে আছি ও কড়া নাড়ছি। যদি কেউ আমার কণ্ঠস্বর শুনে দুয়ার খুলে দেয়, আমি ভেতরে প্রবেশ করব ও তার সঙ্গে বসে আহার করব, আর সে-ও আমার সঙ্গে আহার করবে"** (প্রকাশিত বাক্য ৩: ১৯,২০)।

বাইবেল বলে;**"তিনি আমাদের সব পাপের জন্য প্রায়শ্চিত্তকারী বলিদানস্বরূপ, শুধুমাত্র আমাদের জন্য নয়, কিন্তু সমস্ত জগতের সব পাপের জন্য"** (১ যোহন ২:২)।

যীশু এই জগতের পরিত্রাণের জন্য আগ্রহের সঙ্গে ক্রুশটি গ্রহণ করেছিলেন। প্রভু আদম থেকে যীশু খ্রীষ্ট পর্যন্ত একটি বৃহৎ সম্ভাব্য লোকদের দ্বারা তাঁর রাজ্যের প্রথম অংশটি পূর্ণ করতে চেয়েছিলেন! রাজাদের রাজা হিসাবে পৃথিবীতে তাঁর সহস্র বছরের রাজত্বের সময়ে তিনি আরেকটি অংশ পূর্ণ করার পরিকল্পনা করেছিলেন! এরপর তিনি আরেকবার মারা যাবেন না যেহেতু অধিবাসীরা হবে সেই গোষ্ঠী যাদের ঈশ্বর ইহুদীদের ১২টি গোষ্ঠীর মধ্যে থেকে মনোনীত করেছিলেন, মহাতাড়নার সময় স্বর্গদূতদের দ্বারা তাদের কপালে মুদ্রাঙ্কিত করার মাধ্যমে তাদের মনোনীত করা হয়েছিল।

এখন ক্রুশের থেকে অনুগ্রহ এবং ক্ষমা প্রবাহিত হয়! অতি প্রাচীন অতীতে লোকেরা নিয়মসিন্দুকে অনুগ্রহ খুঁজে পেতো, যা মহাপবিত্র স্থানে একটি দীর্ঘ পর্দার ভেতরে রাখা থাকতো। কিন্তু এটি এখন যীশু খ্রীষ্টের ক্রুশ! যে লোকেরা ক্রুশের দিকে তাকায়, তারা নিজেকে মৃত্যুসাৎ করে এবং খ্রীষ্টের জন্য বাঁচে। আর যারা বাঁচে, তারা খ্রীষ্টের জন্য বাঁচে এবং ঈশ্বরের রাজ্যের উত্তরাধিকারী হয়।

## শিষ্যদের প্রতি আহ্বান

বিশ্বাসীদের প্রতি আহ্বানের থেকে শিষ্যদের প্রতি আহ্বানের বিষয়টি ভিন্ন। শিষ্যদের প্রতি আহ্বানের বিষয়টির সঙ্গে আরও বৃহত্তর কষ্টভোগ এবং ত্যাগের বিষয় যুক্ত থাকে। সকলের পক্ষে নিজেকে, পরিবার এবং ঘরকে অস্বীকার করা সহজ নয়। কিন্তু এই ধরণের জাগতিক বিষয়গুলিকে অস্বীকার করা এবং যীশুকে অনুসরণ করার বিষয়টি মহান! তাদের আরও মহত্তর সম্মানের সঙ্গে পুরস্কৃত করা হবে! তাঁর শিষ্যরা এই ধরণের আহ্বান বেছে নিয়েছিলেন এবং তাঁরা প্রেরিত হয়েছিলেন। আজ অনেকে নিজেদের প্রেরিত বলে অভিহিত করে! তারা কোনও ত্যাগ স্বীকার না করে, কোনও মণ্ডলী স্থাপন না করেই এই ধরণের দাবি করে।

যীশু বলেছিলেন, **"কেউ যদি আমার অনুগামী হতে চায়, সে অবশ্যই নিজেকে অস্বীকার করবে, তার ক্রুশ তুলে নেবে ও আমাকে অনুসরণ করবে"** (মার্ক ৮:৩৪)। পিতর প্রভুকে বলেছিলেন,"আপনার অনুগামী হওয়ার জন্য আমরা সর্বস্ব ত্যাগ করেছি"। যীশু উত্তর দিলেন, "আমি তোমাদের সত্যিই বলছি, এমন কেউ নেই, যে আমার ও সুসমাচারের জন্য নিজের বাড়িঘর, ভাইবোন, মা-বাবা, সন্তানসন্ততি, কি জমিজায়গা ত্যাগ করেছে, অথচ বর্তমান কালে তার শতগুণ ফিরে পাবে না। সে ইহজীবনেই বাড়ি-ঘর, ভাইবোন, মা-বাবা, সন্তানসন্ততি ও জমিজায়গা লাভ করবে ও সেই সঙ্গে নির্যাতন ভোগ করবে। কিন্তু ভাবীকালে অনন্ত জীবন লাভ করবে" (মার্ক ১০:২৮-৩০)। যারা প্রভুর জন্য দান করে তারা গরীব হবে না! আর প্রভু আবার পিতরকে বলেছিলেন,"আমি তোমাদের সত্যিই বলছি, সব বিষয়ের নতুন সৃষ্টিতে যখন মনুষ্যপুত্র মহিমার সিংহাসনে বসবেন, তখন তোমরা, যারা আমার অনুগামী হয়েছ, তোমরাও দ্বাদশ সিংহাসনে বসে ইস্রায়েলের দ্বাদশ বংশের বিচার করবে" (মথি ১৯:২৭,২৮)।

ক্রুশ অনুগামীদের কাছে প্রচুর আশীর্ব্বাদ আনে। কিন্তু ক্রুশের শিক্ষা অনেকের কাছে পাগলামী বলে মনে হয়। তারা শয়তানের খপ্পরে ধরা পড়ে এবং বিনাশের দিকে অগ্রসর হয়। যাইহোক, প্রত্যেক খ্রীষ্টিয়ান যারা খ্রীষ্টের প্রেম আস্বাদন করে এবং ক্রুশের মাহাত্য উপভোগ করে, তারা ঐ অগ্রসরমান লোকদের আহ্বান করে এবং খ্রীষ্টের প্রেমের অধীনে নিয়ে আসে যাতে তারাও তাদের রক্ষা করতে পারে। আজ হাজার হাজার লোক খ্রীষ্টের ভালোবাসার এবং ক্রুশের মহানত্বের অধীনে আসছে! আমাদের কাছে, ক্রুশের শিক্ষা হচ্ছে ঈশ্বরের পরাক্রম! আমেন!!

************



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

**(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)**

**"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)**

## ঈশ্বর উত্তম পরিবেশ দিয়েছিলেন

একটি ক্ষুদ্র গ্রাম ,কান্নাতুভিলাইয়ের সরকারী বিদ্যালয় থেকে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা সম্পূর্ণ করার পর, আমার বাবা মা আমাকে নেউরের খ্রীষ্টিয়ান মধ্য বিদ্যালয়, হ্যাকার মেমোরিয়াল আপার প্রাইমারী স্কুলে ভর্তি করেছিলেন

রেভাঃ. কেশরী, মি.মুথাইয়া (প্রধান শিক্ষক), শ্রী সি. দেবাদাস, শ্রী সুন্দরারাজ এবং শিক্ষিকা শ্রীমতি স্টেলা হেপসিব চেল্লাপ্পা, শ্রীমতি বি.আন্নাবাই মোজেস, শ্রীমতি জে.সারোজা থাঙ্গাবাদিবু, শ্রীমতি ইথাজা, শ্রীমতি পি.লিসি, এবং অন্যান্যরা



সরকারী বিদ্যালয়, কান্নাতুভিলাই



হ্যাকার মেমোরিয়াল আপার প্রাইমারী স্কুল



সরকারী হাইস্কুল, এরানিয়াল




লক্ষ্মীপুরম কলেজ

যাতে আমি আত্মিক ভাবে বড় হয়ে উঠতে পারি। এই স্কুলে ষষ্ঠ শ্রেণী থেকে আমি প্রথম ইংরাজী শিখতে শুরু করি। এটি একটি ক্ষুদ্র শহর, নেউর, যা আমার ঘর থেকে ৫ কিলোমিটার দূরে অবস্থিত ছিল। আমার বাবা মা আমাকে প্রতিদিন ১০ কিমি হেঁটে স্কুলে যাতায়াত করতে শিখিয়েছিলেন। ঐ বিদ্যালয় থেকে আমি শিক্ষকদের ভালোবাসা, প্রজ্ঞা, উৎসর্গিত জীবন এবং ত্যাগের বিষয়গুলির প্রতি আকর্ষিত হয়েছিলাম। তারপর আমি সরকারী উচ্চবিদ্যালয়ে, নেউরের ইরানিয়াল এবং লক্ষ্মীপুরম কলেজ অফ আর্ট এবং সায়েন্সে অধ্যয়ন করেছিলাম।




*সি.দেবাদাসের অবসর গ্রহণের দিন ছবিটি তোলা হয়েছে।*
*(বসে আছেন: বাম দিক থেকে ডানদিকে চতুর্থ ব্যক্তি)*



***শ্রীমতি স্টেলা হেপসিব, শ্রীমতি আন্না বাঈ মোজেস,***
***শ্রীমতি. জে.সারোজা থাঙ্গাবাদিবু, (বাঁ দিক থেকে ডানদিকে)***

যাদের উৎসর্গীকৃত জীবন আমাকে ঈশ্বর-ভয়কারী ব্যক্তিরূপে গড়ে তুলেছিল। যেহেতু আমার শারীরিক অসুস্থতা ছিল সেহেতু আমার মধ্যে হীনমন্যতার জটিলতা ছিল এবং আমি অন্য শিক্ষার্থীদের সঙ্গে মেলামেশা করার বিষয়টিকে এড়িয়ে চলতাম। আমার শিক্ষক এবং শিক্ষিকা, শ্রী সি. দেবাদাস, শ্রী সুন্দরারাজ এবং শ্রীমতি স্টেলা হেপসিব চেল্লাপ্পা, শ্রীমতি. জে.সারোজা থাঙ্গাবাদিবু, আমার জীবনে উন্নতি করার জন্য এবং আমাকে অনুপ্রাণিত করার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন।

আমার শিক্ষক শিক্ষিকারা আমার প্রতি যে স্বর্গীয় ভালোবাসা এবং চিন্তা দেখিয়েছিলেন তা আমাকে জীবন্ত ঈশ্বর, যীশু খ্রীষ্টের কাছে চালিত করেছিল। এছাড়াও তারা আমাকে শিখিয়েছিলেন কীভাবে দরিদ্র এবং বিকলাঙ্গ দুর্দশাগ্রস্ত লোকদের ভালোবাসতে হয়। ঐ স্কুলের শিক্ষকরা আমাকে বাইবেলের অনেক গোপন রহস্যও শিখিয়েছিলেন। আমি অনেক কম বয়েসেই বাইবেলের নিম্নলিখিত



Bro. B. Emmanuel Manoharan



Bro. G. Jeyananda Paulmony (late)

অধ্যায়গুলিও মুখস্থ করেছিলাম: গীত ১,২, ২৩, ৯১,১২১,১৩৬, ১ করি ১৩ অধ্যায়, মথি ৪,৫,৬ অধ্যায়। আমি কঠোর পরিশ্রম, সততা এবং সরলতার গুরুত্বও শিখেছিলাম। এই অভিজ্ঞতাগুলিই বড় হয়ে আমাকে সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল শুরু করতে এবং পরিচালনা করতে অনুপ্রাণিত করেছিল। আমার ঘনিষ্ঠ সহপাঠি ব্রাদার বি. ইম্মানুয়েল মনোহরণ, রেভা. স্যাম য়েশুদাস, ব্রাদার হামফ্রে উইনস্টার, ব্রাদার থাঙ্গারাসাল, ব্রাদার হ্যারিসন ফেসটাস যোয়েল, ব্রাদার রবি দেবাধানাম, ব্রাদার ডি.ডি. রাজন, ব্রাদার অডসন মোহন, রেভা. ডঃ.এ. সেলভারাজ, এবং ব্রাদার জি.জয়ানন্দাপালমোনি, আমার আত্মিক বন্ধু ছিল। তারা এখন আমাদের প্রভু যীশু খ্রীষ্টের অগ্রগামী পরিচর্যাকারী, কিন্তু তাদের মধ্যে দুজন, ব্রাদার হ্যারিসন ফেসটাস যোয়েল এবং ব্রাদার জি.জয়ানন্দাপালমোনি বর্তমানে প্রভুতে নিদ্রিত হয়েছেন।

এইভাবে সদাপ্রভু ঈশ্বর ধাপে ধাপে একটি সুদৃঢ় ভিত্তি তৈরী করেছিলেন, যাতে আমি ঈশ্বরের একজন পরিচারক হতে পারি যে প্রভুর পরিচর্যা কাজকে ভালোবাসতে পারবে এবং গভীরভাবে আত্মিক হবে।

# নহিমিয় বাইবেল কলেজের সংবাদ

গত কয়েক বছর ধরে কোভিড ১৯ অতিমারির জন্য আমাদের পরিচর্যা কাজ ভীষণভাবে আর্থিক সঙ্কটে ভুগছে। ঈশ্বরের অনুগ্রহে, আমরা এই কঠিন পরিস্থিতি থেকে বেরিয়ে আসার চেষ্টা করছি। ঈশ্বরের গৌরব হোক।



এশিয়ান থিওলজিকাল এ্যাসোসিয়েশনের (ATA) নিয়ম অনুসারে আমাদের শিক্ষার্থীদের দৈনিক ব্যবহারের জন্য আমাদের নিদেনপক্ষে ৮০০০ পুস্তকসহ পুরোপুরি চালু একটি পাঠাগার থাকতে হবে, কারণ আমাদের কলেজটি তাদের এ্যাসোসিয়েশনের নথিভুক্ত সদস্য। আমাদের কাছে ইতিমধ্যেই ২০০০ বই আছে। বাকী বইগুলি কেনার মতো এবং সেগুলিকে শৃঙ্খলাবদ্ধভাবে রাখার মতো অর্থ আমাদের নেই। কিন্তু আমরা দীর্ঘ সময় ধরে এই প্রয়োজনটির জন্য প্রার্থনা করছি।

আমাদের প্রার্থনার উত্তর হিসাবে, আমাদের এক বন্ধু প্রায় ৪০০০ বই আমাদের অনুদান হিসাবে দিয়েছেন। ঈশ্বরের অনুগ্রহে অনেক চেষ্টা করে আমরা ১৮টি স্টিলের সেলফ্ কিনতে সক্ষম হয়েছি এবং সেগুলিকে সুবিন্যস্তভাবে সাজিয়ে রেখেছি। এখন, আমাদেরকে বইগুলির নাম এবং অন্যান্য বিস্তারিত বিবরণগুলি কম্পিউটারে আপলোড করতে হবে এবং সেগুলিকে উপযুক্তরূপে তত্ত্বাবধান করতে হবে, এর জন্য অনেক আর্থিক খরচের এবং কঠোর পরিশ্রমের প্রয়োজন। ইতিমধ্যেই আমরা আমাদের নহিমিয় বাইবেল কলেজের শিক্ষকদের, পালকদের এবং কর্মীদের আর্থিক সাহায্য দানের বিষয়, পত্রিকা ছাপানোর কাগজের মূল্য, ছাপানোর আনুষঙ্গিক উপকরণগুলির খরচ, যাতায়াতের খরচ, ইত্যাদি খরচের বিষয়গুলি নিয়ে সমস্যায় ভুগছি। এই ধরণের প্রয়োজনীয় বিষয়গুলির জন্য আমরা লোকদের অবগত করি না। কিন্তু মহান বিশ্বাসের এবং প্রার্থনার উপর নির্ভর করে এবং মহান উদ্যোগগুলি বিনিয়োগ করে আমরা আমাদের মাসিক খরচগুলি চালাই। এই সময়, বইগুলি কম্পিউটারজাত এবং তত্ত্বাবধান করার জন্য এবং ঐ বইগুলি নহিমিয় বাইবেল কলেজের শিক্ষার্থীদের ব্যবহারে



আনার জন্য, আমাদের নিম্নলিখিত জরুরী প্রয়োজন আছে:

| | | |
|---|---|---|
| ১। দুটি কম্পিউটার - প্রত্যেকটির মূল্য ৫৫০০০ টাকা | - | ১,১০,০০০ টাকা |
| ২। সফট ওয়্যার (কম্পিউটারের জন্য) | - | ২০,০০০ টাকা |
| ৩। আপলোড করার জন্য এবং বইগুলির জন্য প্রয়োজনীয় বিবরণগুলি নথিভুক্ত করার জন্য | - | ৩০,০০০ টাকা |
| ৪। অন্যান্য খরচ | - | ১০,০০০ টাকা |
| | মোট | ১,৭০,০০০ টাকা |

এই জরুরী প্রয়োজনগুলি মেটানোর বিষয় আমাদের সমস্যা আছে। অনুগ্রহ করে এই প্রয়োজনগুলির জন্য ভারসহ আন্তরিকভাবে প্রার্থনা করুন। প্রভু যদি আপনার হৃদয়ে প্রেরণা দেন, তাহলে আপনি উপরোক্ত যে কোনও একটি বিষয়, অথবা কিছু পরিমাণ অর্থ অথবা সম্পূর্ণ অর্থ অনুদান হিসাবে দিয়ে আমাদের সাহায্য করতে পারেন। আমাদের বন্ধুদে সাহায্য দানের বিষয় জোর দেওয়া আমাদের অভ্যাস নয়। আমরা এই বিষয়টি সহভাগিতা করছি কারণ আপনারা আমাদের সহকর্মী। অনুগ্রহ করে আমাদের ভুল বুঝবেন না। দয়া করে এই অনুরোধের জন্য প্রার্থনা করুন। আমরাও আপনাদের জন্য প্রার্থনা করছি। প্রভু যীশু খ্রীষ্ট আপনাদের আরও অধিকতর রূপে আশীর্বাদ করুন!

**- সম্পাদক**

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23

## আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব

অনুগ্রহ করে যখনই সময় পাবেন তখনই আমাদের ইউটিউব চ্যানেলটি দেখুন এবং সাবস্ক্রাইব করুন। ধন্যবাদ ।

– সম্পাদক

## OUR BANK DETAILS:

### 1. Bank : State Bank of India

Branch : Triplicane, Chennai-5
Name : S. Sam Selva Raj
A/C No. : 1023 2934 679
IFSC : SBIN 00 00 249
SWIFT CODE : SBI NIN BB 455

### 2. Bank : ICICI Bank

Branch : Anna Salai, Chennai-6
Name : Echo of His Call
A/C No. : 6038 0502 2319
IFSC : ICIC 000 6038

### 3. Bank : State Bank of India

(This Account is for Tax Exemption for Indians only )

Branch : Triplicane, Chennai-5
Name : Echo of His Call Educational Trust
A/C No. : 1023 2923 805
IFSC : SBIN 00 00 249

Google Pay: 98410 71858
PayPal : SAM SELVA RAJ
*****
E.mail : sam@echoofhiscall.org

## আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852, 95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/21-23
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at “Egmore RMS / 1 Patrika Channel”
on 13th APRIL 2022

If un-delivered please return to:
**ECHO OF HIS CALL (BENGALI)**
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

*JESUS LOVES YOU!*

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by him at **Echo of His Call Printers**, New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**